13

দৈনিক সংবাদ

তারিখ ... 23 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# তিন পার্বত্য জেলায় শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে

।।সুনীল কান্তি দে।।

পাহাড়ি ভাতার দাবিতে তিন পার্বত্য জেলার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের আন্দোলনের কারণে পার্বত্যাঞ্চলের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ছে, পাশাপাশি শিক্ষকদের অবস্থান ধর্মঘট ও অনশনের সিদ্ধান্তে পার্বত্যাঞ্চলে আইন-শৃংখলা পরিস্থিতিরও অবনতি ঘটার সম্ভাবনা দেখা দিয়েছে।

পাহাড়ি ভাতার দাবিতে তিন পার্বত্য জেলার উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীরা গত ২রা আগস্ট থেকেই ক্লাস বর্জন করে আসছেন। ১৪ই আগস্ট জেলা প্রশাসক ও পরিষদ চেয়ারম্যানদের কার্যালয়ের সামনে সমাবেশ ও স্মারকলিপি প্রদান, ১৬ই আগস্ট, মতবিনিময়, ১৭ই আগস্ট জাতীয় প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠানের পর ২০শে আগস্ট প্রতিটি জেলা সদরে অবস্থান ধর্মঘট এবং ২৪শে আগস্ট থেকে অনির্দিষ্টকালের জন্য অনশন পালনের কর্মসূচি ঘোষণা করেছে বৃহত্তর পার্বত্য জেলা শিক্ষক সমন্বয় পরিষদ।

তিন জেলার ২ শতাধিক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কয়েক হাজার শিক্ষক-কর্মচারীর পাহাড়ি ভাতা দাবির পরিপ্রেক্ষিতে সরকার ও শিক্ষা মন্ত্রণালয় কোন উদ্যোগ গ্রহণ করেছে বলে জানা যায়নি। উপরন্তু শিক্ষকদের দাবির ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় কি পদক্ষেপ নিয়েছে তা জানার জন্য রাঙ্গামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান চিং কিউ রোয়াজা শিক্ষা সচিবের কাছে টেলিফোন করলে শিক্ষাসচিব কোন সরকারি সিদ্ধান্ত জানাতে পারেননি। বিষয়টি অনেককেই হতাশ করেছে।